# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৯৭১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১২. তৃতীয় অনুচ্ছেদ - শুফ্‘আহ্

### আরবী

عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: إِذَا وَقَعَتِ الْحُدُودُ فِي الْأَرْضِ فَلَا شُفْعَةَ فِيهَا. وَلَا شُفْعَةَ فِي بِئْرٍ وَلَا فَحل النّخل. رَوَاهُ مَالك

### বাংলা

২৯৭১-[১১] ’উসমান ইবনু ’আফফান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন কোনো জমিনে সীমানা নির্ধারিত হয়, তখন তাতে শুফ্’আহ্ নেই। কূপ ও নর খেজুর গাছেও শুফ্’আহ্ নেই। (মালিক)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : মালিক ১৪৫৯। কারণ এর সানাদটি মুনক্বতি‘।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا وَقَعَتِ الْحُدُودُ فِى الْأَرْضِ فَلَا شُفْعَةَ فِيهَا) ঐ কথার উপর ভিত্তি করে যে, প্রতিবেশীর কোনো হক নেই। কেননা বণ্টনের মাধ্যমে সীমানাসমূহ তাদের প্রত্যেকের অধিকারকে আলাদা করে দিল, তখন নিঃসন্দেহে তারা অংশীদারিত্বের হুকুম হতে প্রতিবেশিত্বের হুকুমের দিকে বেরিয়ে গেল। ঐ হাদীস যাতে বর্ণিত হয়েছে যে, (الجَارُ أَحَقُّ بِسَقَبِه) অর্থাৎ- প্রতিবেশী তার নৈকট্যের কারণে অন্য প্রতিবেশী অপেক্ষা শুফ্‘আর বেশী হকদার। এখানে الجَارُ বা প্রতিবেশী দ্বারা অংশীদার উদ্দেশ্য।

(وَلَا شُفْعَةَ فِىْ بِئْرٍ) এখানে কূপ দ্বারা এমন কূপ উদ্দেশ্য, (আল্লাহ সর্বাধিক জানেন) যে কূপ যৌথ ভূমি নয়, আর তার পানি বণ্টন করা হয় না, আর তা প্রান্ত বা জমির পাশের কূপসমূহের অন্তর্ভুক্ত অথবা জমি সিক্ত করার কূপসমূহের অন্তর্ভুক্ত, তবে কূপ ব্যতীত ঐ জমি বিক্রি করা হয়েছে অথবা বণ্টন করা হয়েছে।

(وَلَا فَحْلِ النَّخْلِ) নর খেজুর গাছে শুফ্‘আহ্ নেই। নিহায়াহ্ গ্রন্থকার বলেনঃ (فَحْلِ النَّخْلِ) বলতে ঐ নর খেজুর গাছ যা দ্বারা পরাগায়ন করা হয়। তাতে শুফ্‘আহ্ এজন্য সাব্যস্ত হয়নি যে, যখন কোনো সম্প্রদায়ের একটি বাগান

থাকে এবং বংশ পরম্পরায় তারা তার ওয়ারিস হয়ে তা বণ্টন করে নেয় এবং তাদের নর খেজুর গাছ থাকে যা দ্বারা তারা পরাগায়ন করে। অতঃপর ওয়ারিসদের মধ্য হতে একজন যখন তার অংশ বিক্রয় করে তখন তার নর ও মাদী সকল গাছই বিক্রয় করে তখন তার অংশীদারদের জন্য তাতে শুফ্‘আহ্ থাকে না। কেননা ঐ নর খেজুর গাছ বণ্টন করা সম্ভব নয়। (মিরকাতুল মাফাতীহ; আল মুনতাকা শারহে মুয়াত্ত্বা মালিক ৮ম খন্ড, হাঃ ১৪৪৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68298

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন